



## এনএসইউতে খালেদা জিয়ার স্মরণে দোয়া ও শোকসভা

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) বাংলাদেশের প্রথম নারী ও তিন বারের নির্বাচিত প্রধানমন্ত্রী এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে বৃহস্পতিবার এক দোয়া ও শোকসভা আয়োজন করে। এ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, বোর্ড অব ট্রাস্টিজের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

শোকসভায় এনএসইউর ট্রাস্টি বোর্ডের সদস্য ও প্রাক্তন চেয়ারম্যান এম এ কাশেম; এনএসইউর ট্রাস্টি বোর্ডের সদস্য মোহাম্মদ শাহজাহান; এনএসইউর কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব খান; এনএসইউ-এর

মানবিক ও সামাজিক বিজ্ঞান বিভাগের ডিন অধ্যাপক মো. রিজওয়ানুল ইসলাম; এনএসইউর ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস বিভাগের ডিন অধ্যাপক সাজ্জাদ হোসেন; এনএসইউর ব্যবসা ও অর্থনীতি বিভাগের ডিন অধ্যাপক এ কে এম ওয়ারেসুল করিম এবং এনএসইউর স্বাস্থ্য ও জীবন বিজ্ঞান বিভাগের ডিন অধ্যাপক দীপক কুমার মিত্র উপস্থিত ছিলেন। এনএসইউর উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এনএসইউ-এর রেজিস্ট্রার ড. আহমেদ তাজমীন উদ্বোধনী বক্তব্য রাখেন। —প্রেস বিজ্ঞপ্তি